ভোরের কাগজ

তারিখ AUG 23 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬

19

## মাধ্যমিক বাণিজ্য শিক্ষার্থীদের জন্য

বর্তমান গ্লোবাল অর্থনীতির যুগে বাণিজ্য শিক্ষার গুরুত্ব অপরিসীম। চলমান বিশ্বে যে দেশ ব্যবসা, বাণিজ্যে এবং শিল্পে যতো উন্নত; সে দেশের আর্থিক ভিত্তি ততোই দৃঢ় এবং মজবুত। হয়তো এ উপলব্ধি থেকেই শিক্ষা মন্ত্রণালয় বর্তমানে দেশের ৫টি শিক্ষা বোর্ডে পুনরায় এসএসসি পর্যায়ে বাণিজ্য বিভাগের প্রচলন করেছে। এ জন্য শিক্ষা মন্ত্রণালয় ধন্যবাদ পাওয়ার অধিকার রাখে। তবে এসএসসিতে যে বইগুলো বাণিজ্য বিভাগের ছাত্রছাত্রীদের জন্য পাঠ্য হিসেবে নির্ধারণ করা হয়েছে, সেগুলোর কিছু অসঙ্গতি তুলে ধরাই আমার উদ্দেশ্য।

উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের একটি অধ্যায় হলো উৎপাদন ব্যয় নির্ধারণ। এই উৎপাদন ব্যয় নির্ধারণ অধ্যায়টি এসএসসির হিসাববিজ্ঞান এবং ব্যবসায় উদ্যোগ বিষয়ে অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু উৎপাদন ব্যয় নির্ধারণ করা হয়েছে দুভাবে। যেমন- হিসাববিজ্ঞান বিষয়ে মুখ্য ব্যয়ের সঙ্গে কারখানা উপরিব্যয় যোগ করে উৎপাদন ব্যয় নির্ধারণ করা হয়েছে। অন্যদিকে ব্যবসায় উদ্যোগ বিষয়ে মুখ্য ব্যয়ের সঙ্গে কারখানা উপরিব্যয় এবং অফিস উপরিব্যয় যোগ করে উৎপাদন ব্যয় নির্ধারণ করা হয়েছে। প্রথম পদ্ধতি IAS-2 অনুযায়ী ঠিকই আছে, যা বাংলাদেশে দুটি পেশাদারি হিসাবরক্ষক প্রতিষ্ঠান ICAB এবং ICMAB উভয় প্রতিষ্ঠানই মেনে থাকে। আর দ্বিতীয় পদ্ধতি সনাতন বা বৃটিশ পদ্ধতি নামে পরিচিত, যা বর্তমানে প্রায় অচল বললেই চলে। বর্তমান আধুনিক এবং উন্নত বিশ্বে যেখানে সবকিছুই নতুন ধারণার ওপর ভিত্তি করে চলছে সেখানে আমরা কেন পুরাতন এবং অচল পদ্ধতিগুলো আকড়ে রাখার চেষ্টা করছি।

তার চেয়েও বড়ো কথা হলো একজন এসএসসি পড়ুয়া ছাত্রছাত্রী যখন দেখে একই বিষয় দুটি বইয়ে দুভাবে উপস্থাপন করা হয়েছে; তখন সে দ্বিধাগ্রস্ত হচ্ছে। এমনও দেখা গেছে, হিসাববিজ্ঞানের নিয়মে ব্যবসায় উদ্যোগের অঙ্ক এবং ব্যবসায় উদ্যোগের অঙ্ক হিসাববিজ্ঞানের নিয়মে সমাধান করে ছাত্রছাত্রী বিষয়গুলোতে কম নম্বর বা অকৃতকার্য হচ্ছে। ফলে সে বাণিজ্য শিক্ষার ব্যাপারে আগ্রহ হারিয়ে ফেলছে। যার প্রভাব সুদূরপ্রসারী। যদিও উচ্চতর পর্যায়ে উপমহাদেশের বিভিন্ন লেখকের বইয়ে এখনো বৃটিশ পদ্ধতি দেখা যায়। তথাপি এসএসসি পর্যায়ের কোমলমতি ছাত্রছাত্রীদের একই সঙ্গে দুটি পদ্ধতি শেখানোর যৌক্তিকতা কতোটুকু তা ভাবার বিষয়।

অতএব, সনাতন বা বৃটিশ পদ্ধতি যেহেতু বর্তমানে প্রায় অচল তাই যতো দ্রুত সম্ভব এসএসসি পর্যায়ে একটি এবং অবশ্যই আধুনিক পদ্ধতি বহাল রাখার সিদ্ধান্ত গ্রহণ করলে শিক্ষার্থী তথা বাণিজ্য শিক্ষার্থীরা উপকৃত হবে।

আহসানুল হক জুয়েল
লালখান বাজার
চট্টগ্রাম।